গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

...

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	০৪ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ।
সভার সময়	সকাল ১১:৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভায় গত বছরে জাতীয় শোক দিবস পালনে এ মন্ত্রণালয়ের গৃহীত কর্মসূচি সম্পর্কে অবহিত করা হয়। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং মাননীয় উপমন্ত্রী জাতীয় শোক দিবস পালনের বিষয়ে আলোচনা করেন। বাংলাদেশের স্বাধীনতা ও সার্বিক উন্নয়নে বঙ্গবন্ধুর অবদান সম্পর্কে নূতন প্রজন্মকে জানানোর জন্য সকল কর্মকর্তা/কর্মচারীগণ-কে মাননীয় প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে নির্দেশনা প্রদান করেন। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশিকা/গাইডলাইন তুলে ধরেন। মন্ত্রিপরিষদ বিভাগের গৃহীত সিদ্ধান্ত এবং স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশিকা/গাইডলাইনের আলোকে এ বছরের কর্মসূচি নিয়ে সভায় অংশগ্রহণকারী মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থার প্রতিনিধিগণ বিস্তারিত আলোচনা করেন।

০২। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

ক্র: নং	জাতীয় শোক দিবসের কর্মসূচি	বাস্তবায়নকারী
১.	১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ১লা আগস্ট হতে মাসব্যাপী মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী কালো ব্যাজ ধারণ করবে।	প্রশাসন-৩, পাসম ও সকল সংস্থা
২.	১৫ই আগস্ট জাতীয় শোক দিবসে মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থায় এবং মাঠ পর্যায়ের সকল অফিসে জাতীয় পতাকা অর্ধনিমিতভাবে উত্তোলন করা হবে।	প্রশাসন-৩, পাসম ও সকল সংস্থা
৩.	সকাল ৯:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে ব্যানারসহ উপস্থিতি এবং বেলা ১০.০০ ঘটিকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পানি সম্পদ মন্ত্রণালয় ও সকল সংস্থা কর্তৃক পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত।	পাসম ও সকল সংস্থা
৪.	১৫ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের গ্রীন রোডস্থ পানি ভবনের সম্মেলন কক্ষে সকাল ১০:৩০ ঘটিকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর আলোচনা সভা এবং দোয়া মাহফিল।	পাসম ও সকল সংস্থা
৫.	১৫ই আগস্ট জাতীয় শোক দিবসে মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থায় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল অফিস/মসজিদে সুবিধাজনক সময়ে কোরআন তেলওয়াত, মিলাদ ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মাননীয় প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু কামনা করে দোয়া মাহফিল এর আয়োজন করতে হবে।	সকল সংস্থা
৬.	পানি সম্পদ ব্যবস্থাপনা নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রীর পরিকল্পনা ও গৃহীত কার্যক্রম বিষয়ে এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও অধীনস্থ সকল সংস্থার কর্মকর্তাদের নিয়ে রচনা প্রতিযোগিতা।	পাসম ও সকল সংস্থা

৭.	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পানি ভবনে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সরকারের একজন সিনিয়র মন্ত্রীর উপস্থিতে আলোচনা সভা।	মহাপরিচালক, বাপাউবো।
৮.	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ও অন্যান্য সংস্থার আওতাধীন মাঠ পর্যায়ের সকল অফিসসমূহ জেলা/উপজেলায় প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে এবং শোক র‍্যালিতে নিজ নিজ ব্যানার নিয়ে অংশগ্রহণ করবে।	সকল সংস্থা
৯.	পানি সম্পদ মন্ত্রণালয়ের ব্যানার বাপাউবো তৈরিপূর্বক মন্ত্রণালয়ে হস্তান্তর করবে।	মহাপরিচালক, বাপাউবো।
১০.	জাতীয় শোক দিবস উপলক্ষে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের সকল স্থাপনায় ও সচিবালয়ের বাহিরে ড্রপডাউন ব্যানার টানাতে হবে। ড্রপডাউন ব্যানারটি ভবনের সামনে দৃশ্যমানভাবে লাগানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রোগ্রামার, পাসম ও সকল সংস্থা।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.২৩.০৭৪.১৭.৪৩৬

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৯
১০ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) .....১ম শ্রেণীর কর্মকর্তাগণ, পানি সম্পদ মন্ত্রণালয়।
২) পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান
৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৫) নির্বাহী পরিচালক, সেন্টার ফর এনভায়ারনমেন্টাল অ্যান্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস), বাড়ি নং-৬, সড়ক নং-২৩/সি, গুলশান-১, ঢাকা-১২১২।
৬) নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আই ডব্লিউ এম), প্লট ০৬, রোড ৩/সি, ব্লক-এইচ, সেক্টর-১৫, উত্তরা, ঢাকা-১২৩০।
৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।)
৯) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

সুজিত হাওলাদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)